



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৫৯

### মানুষের ভাগ্যের উন্নয়নে স্থানীয় সরকার সবচেয়ে গুরুত্বপূর্ণ - পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ২ আশ্বিন (১৭ সেপ্টেম্বর):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি বলেছেন, মানুষের ভাগ্যের উন্নয়নের জন্য বাংলাদেশের সরকার ব্যবস্থায় স্থানীয় সরকার কাঠামো সবচেয়ে গুরুত্বপূর্ণ।

রবিবার (১৭ সেপ্টেম্বর) বেলা এগারোটায় বাঘা উপজেলা পরিষদ চত্বরে জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষ্যে আয়োজিত তিন দিনব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শাহরিয়ার আলম বলেন, স্থানীয় সরকার এমন এক ধরনের প্রতিষ্ঠান যা গ্রামীণ পর্যায়ে উন্নয়নকাজ করে। গ্রামীণ পর্যায়ে সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটায়। তাদের বিভিন্ন ধরনের উন্নয়নকাজে সরাসরি জড়িত থাকে। গত ১৫ বছরে স্থানীয় সরকারব্যবস্থার মাধ্যমে দেশের অবকাঠামোগত উন্নয়নই শুধু নয়- সব ধরনের প্রয়োজনীয় সেবাই সহজ করা হয়েছে।

গত ১৫ বছরে উপজেলা প্রশাসনের কোনো কাজে কোনো ধরনের বাঁধা সৃষ্টি করেননি জানিয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, উপজেলা প্রশাসনকে আরও বিকশিত হতে দিতে হবে। এর কাজে কোনো ধরনের বাঁধা সৃষ্টি করা যাবে না। আমি বিগত সময়ে উপজেলা প্রশাসনের কোনো কাজে বাঁধা দেইনি। যদি কেউ এমনটা প্রমাণ দিতে পারে- তবে আমি ইস্তফা দিয়ে চলে যাব। আমি এই সৎ সাহস নিয়েই রাজনীতি করি।

প্রতিমন্ত্রী বলেন, আমাদের ভালোভাবে বাঁচার জন্য যে দুটি মন্ত্রণালয় খুবই গুরুত্বপূর্ণ, সে দুটি হলো- স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়। ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অবকাঠামোগত কাজ প্রায় শেষ। প্রধানমন্ত্রী শিক্ষাক্ষেত্রে সুসম উন্নয়ন করেছেন। তিনি যতদিন আছেন ততদিন কারো ক্ষমতা নাই- নিজের ইচ্ছামত কোনো শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করতে পারে। কী শর্ত পূরণ করলে কোনো শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত হবে তা তিনি করে দিয়েছেন- এর জন্য এখন কারো কাছে যেয়ে ঘুষ দিয়ে দ্বারে দ্বারে ঘুরতে হয় না।

তিনি তাঁর নির্বাচনি এলাকার বিভিন্ন উন্নয়ন তুলে ধরে বলেন, গত ১৫ বছরে বাঘা-চারঘাটে যে উন্নয়ন হয়েছে এর পেছনে যেমন এলাকার জনগণ, সরকারের শিক্ষা, স্বাস্থ্য, প্রাণিসম্পদ, সমাজসেবাসহ বিভিন্ন দপ্তরের শ্রম রয়েছে, তেমনি স্থানীয় সরকারের সঙ্গে সংশ্লিষ্ট সবার শ্রম রয়েছে। অথচ, এক সময় উপজেলা প্রশাসন কাঠামোকেই ধ্বংস করা হয়েছিল বলে এ সময় তিনি জানান।

ভবিষ্যতে কারিগরি শিক্ষার গুরুত্ব তুলে ধরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, সরকার বলছে- কারিগরি শিক্ষা শিখতে। একটা ছেলে যদি দক্ষতা অর্জন করতে পারে, তাঁর চাকরি দেয়ার দায়িত্ব আমাদের। তিনি ছেলে-মেয়েদের সঠিক ও যুগোপযোগী শিক্ষা দেয়ার পরামর্শ দেন।

স্থানীয় সরকার প্রতিষ্ঠানে কেউ যেন সেবা নিতে এসে বা কোনো ভাতার জন্য এসে হয়রানির শিকার না হয় এজন্য তিনি জনপ্রতিনিধিদের সতর্ক থাকতে বলেন। বক্তব্যের শেষে তিনি স্থানীয় সরকার দিবস উপলক্ষ্যে আয়োজিত

তিন দিনব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধন ঘোষণা করেন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন উপজেলা নির্বাহী অফিসার শারমিন আক্তার।

পরে তিনি ভ্যারাসিটি সিবলিং কো-অপারেটিভ সোসাইটির উদ্যোগে বাঘা দিঘিরপাড়ে বৃক্ষরোপণ ও মতবিনিময় সভায় যোগ দেন। সভা শেষে তিনি দিঘির পাড়ে একটি আমগাছের চারা রোপণ করেন।

দুপুরে প্রতিমন্ত্রী চারঘাট উপজেলা পরিষদ চত্বরে জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষ্যে আয়োজিত তিন দিনব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতা করেন।

ওই অনুষ্ঠানে তিনি বলেন, স্থানীয় সরকারব্যবস্থা শক্তিশালী করার ধারণা দিয়ে গেছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। প্রধানমন্ত্রী তাঁর ধারণাটির সঠিক বাস্তবায়ন করছেন বলেই আজ স্থানীয় সরকারের মাধ্যমে জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে, জনগণ এর সুফল ভোগ করছে, চারদিকে এত-এত উন্নয়ন হয়েছে। শুধু বাঘা উপজেলাতেই গত ১৫ বছরে ৩৪০ কিলোমিটার রাস্তা করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

ওই অনুষ্ঠানে উপজেলা চেয়ারম্যান মোঃ ফকরুল ইসলামের সভাপতিত্বে উপজেলা নির্বাহী অফিসার মোঃ সোহরাব হোসেন বক্তৃতা করেন।

.....  
তৌহিদ/সিকান্দার/রুলুল/২০২৩/১৬.৩০ঘ.